দামুড়হুদার বিঞ্চপুর গ্রামে সাত বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ : ধর্ষক আটক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদার বিঞ্চপুর গ্রামে ৭ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ করা হয়েছে। সোমবার (৮ জুন) বেলা ৩ টার দিকে উপজেলার বিঞ্চপুর বাজারপাড়ায় এ ঘটনা ঘটে। আহতাবস্থায় ধর্ষণের শিকার ওই শিশুকে চুয়াডাঙ্গা সদর হসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় নিশান (১৫) নামের এক কিশোরকে আটক করেছে পুলিশ। আটককৃত নিশান বিঞ্চপুর পাখিপাড়ার বেল্টু রহমানের ছেলে ও বিঞ্চপুর মাধ্যমিক বিদ্যালয়ের ঝরেপড়া ছাত্র।
এলাকাসূত্রে জানা গেছে, সোমবার বেলা ৩ টার দিকে বাড়ির পাশের একটি বাগানে খেলা খেলছিলো ওই শিশুকন্যা। সে সময় প্রতিবেশি নিশান তাকে বনভোজনের কথা বলে পাশে ডাক দেয় এবং তার মুখ চেপে ধরে চাচা মন্টুর বাড়ির বাথরুমে নিয়ে যায়। এ সময় বাথরুমের দরজা বন্ধ করে শিশুকন্যার মুখ চেপে ধরে তাকে জোরর্পর্বক ধর্ষণ করে নিশান। রক্তাক্ত অবস্থায় ধর্ষণের শিকার শিশুকন্যা সেখান থেকে ছাড়া পেয়ে বাড়ি ফেরার চেষ্টা করে। পরে প্রতিবেশি ও পুলিশের সহযোগীতায় তাকে রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে
নিয়ে ভর্তি করে।
এদিকে শিশুকন্যার পরিবারের লোকজন অভিযোগ করে বলেন, এ ঘটনায় বেল্টু রহনার বিষয়টি ধামাচাপা দেয়ার জন্য টাকা পয়সা দিয়ে মিমাংশার জন্য তাদেরকে চাপ দিতে থাকে। শুধু তাইনা, মামলা করলে তাদেরকে হত্যার হুমকি দেন বেল্ট রহমান। এ ঘটনার খবর পাওয়া মাত্র বিঞ্চপুর ফাঁড়ির ইনচার্জ মনিরুল ইসলাম নিশানকে আটক করে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করেন।
এ ঘটনায় অভিযুক্ত নিশানের শাস্তির দাবিতে এলাকাবাসি ফুসে উঠতে শুরু করেছে। অভিযুক্ত নিশানের শাস্তির দাবি জানিয়ে স্থানীয় ইউপি সদস্য আইনুদ্দিন ও এলাকাবাসিরা বলেন, দেশের এমন কঠিন সময়ে এধরনের ঘটনার জন্য অভিযুক্ত নিশানের কঠিন শাস্তি হওয়া উচিত। এমন ঘটনা যেন আর না ঘটেতে পারে সেধরনের শাস্তি দেয়া উচিত।
অপরদিকে, শিশুকন্যা চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তির পরপরই সেখানে ছুটে যান এলাকার জনপ্রতিনিধি আব্দুর রাজ্জাক রাজা ও চাতাল মালিক জামাল উদ্দিন। তারা ঘটনাটি ধামাচাপা দেয়ার জন্য শিশুকন্যার পরিবারকে ম্যানেজ করার চেষ্টা করেন এবং বিষয়টি মিমাংশা করার জন্য বিভিন্নস্থানে দৌড়ঝাপ শুরু করেন। শুধু তাইনা, সংবাদ সংগ্রহ করার সময় এ প্রতিবেদকের সাথে খারাপ আচরণ করেন আব্দুর রাজ্জাক রাজা ও জামাল উদ্দিন। তারা উগ্র মেজাজে এ প্রতিবেদকে বলেন, এধরনের সংবাদ

পত্রিকায় প্রকাশ করা যাবেনা। বিষয়টি আমাদের পারিবারিক, আমরা মিমাংশা করে নেবো।
এ বিষয়ে জানতে চাইলে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক ঘটনার সত্যতা শিকার করে বলেন, এ ঘটনায় অভিযুক্ত নিশানকে আটক করা হয়েছে।
চুয়াডাঙ্গা এর নির্দেশ্যে মামলার তদন্তকারী অফিসার এস,আই মোঃ কামরুল হাসান সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা মডেল থানার মামলা নং-৬, তাং-০৯/০৬/২০২০, ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সং/০৩) এর ৯(১) এর ধর্ষন মামলার অভিযুক্ত কিশোর মোঃ নিশান (১৫), পিং- মোঃ বেল্টু, সাং-বিষ্ণুপুর বাজারপাড়া, থানা-দামুড়হুদা, জেলা- চুয়াডাঙ্গাকে গ্রেফতার পূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়। শিশুকন্যার পিতা বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করেছেন। যেহেতু অভিযুক্ত অপ্রাপ্ত বয়স্ক সে ক্ষেত্রে আমরা তাকে শিশু আদালতে পাঠাবো সেখান থেকে তার বিরুদ্ধে প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহন করবে।

সর্বোচ্চ শনাক্তের দিনে রেকর্ড ৪৫ জনের মৃত্যু, শনাক্ত ৩১৭১ জন

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪৫ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে আরও ৩১৭১ জনের শরীরে করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত দেশে ৭১ হাজার ৬৭৫ জন। এছাড়া গত ২৪ ঘণ্টায় আক্রান্ত হয়ে আরও ৪৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট মৃতের সংখ্যা দাঁড়ালো ৯৭৫ জনে।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন আরও ৭৭৭ জন। এ নিয়ে দেশে মোট সুস্থ হলেন ১৫ হাজার ৩৩৭ জন। আজ মঙ্গলবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

এই সময়ে ৩ হাজার ১৭১ জন শনাক্ত হয়েছেন বলে জানিয়েছে স্বাস্থ্য

অধিদফতর। দেশে একদিনে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যার হিসাবে এটি সর্বোচ্চ। এ নিয়ে দেশে মোট কোভিড-১৯ রোগী শনাক্ত হলেন ৭১ হাজার ৬৭৫ জন এবং মারা গেলেন ৯৭৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৭৭৭ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৫ হাজার ৩৩৬ জন। মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৪ হাজার ৬৬৪টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ১৭১ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ৭১ হাজার ৬৭৫ জন।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় মারা গেছেন ৪৫ জন। এর মধ্যে পুরুষ ৩৩ জন ও নারী ১২ জন। এ নিয়ে মোট মারা গেলেন ৯৭৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৬৫৭ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৫ হাজার ৩৩৬ জন।

শনাক্তের তুলনায় সুস্থতার হার ২১ দশমিক ৪০ শতাংশ এবং মৃত্যুর হার ১ দশমিক ৩৬ শতাংশ। ডা. নাসিমা জানান, বয়স বিশ্লেষণে ১১-২০ বছরের মধ্যে ২ জন, ২১-৩০ বছরের মধ্যে ২ জন, ৩১-৪০ বছরের মধ্যে ৫ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৩ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১৫ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১০ জন এবং ৭১-৮০ বছরের মধ্যে ৮ জন মারা গেছেন।

তিনি আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ২৮ জন, চট্টগ্রামে ১১ জন, সিলেটে ২ জন, রাজশাহীতে ২ জন, ও রংপুরে ২ জন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেপ্র/এমএফআর

গাংনীতে শ্যামলী পরিবহনের ধাক্কায় শিশু নিহত

মেহেরপুরের গাংনীতে শ্যামলী পরিবহনের ধাক্কায় খাদিজা খাতুন (৪) নামের এক শিশু নিহত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল আটটার দিকে মেহেরপুর থেকে ঢাকাগামী শ্যামলী পরিবহনের ঢাকা মেট্রো ব ১৪-৬০-৬৭ নম্বরের একটি বাসের ধাক্কায় ঘটনাস্থলেই শিশুটির মৃত্যু হয়।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান গাড়ির নম্বর পাওয়া গেছে গাড়িটি আটকের জন্য ব্যবস্থা নেয়া হচ্ছে।

মেপ্র/এমএফআর

গাংনীর সাহারবাটি দাতব্য সংগঠনের উদ্যোগে রাস্তা মেরামত

গাংনীর সাহারবাটি জনকল্যাণ মূলক দাতব্য সংস্থার উদ্যোগে সাহারবাটি ক্লাব পাড়া থেকে গাড়াডোব রাস্তার নওদা পাড়ার মানুষের সেচ্ছাশ্রমের মাধ্যমে রাস্তা সংস্কার কাজ চলমান রয়েছে।

আজ সোমবার সকালে স্বেচ্ছাসেবক মূলক সংগঠন দাতব্য সংস্থার সভাপতি শাহীনের নেতৃত্বে সংগঠনের সকল সদস্য ও স্থানীয় মানুষদের নিয়ে

রাস্তা সংস্কারের কাজে নিয়োজিত হয়ে পড়েন। রাস্তাটি জলাবদ্ধতা ও ভাঙাচোরা কারণে যান চলাচলের অনুপোযোগী হয়ে পড়ে।

স্থানীয় জনগণ ও পথচারীদের দুর্দশা দেখে স্বেচ্ছাসেবক মূলক সংগঠন দাতব্য সংস্থা তাদের নিজ অর্থায়নে রাস্তার বিভিন্ন অংশে খানাখন্দক ভরাট করে দেন।

এসময় সংগঠন টির সভাপতি শাহিনুজ্জামান ও অধ্যক্ষ বাবুল হোসেন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সংগঠনের এই কর্মকাণ্ডে এলাকার সুধীমহল তাদের প্রতি কৃতজ্ঞতা সাধুবাদ জানিয়েছে।

চুয়াডাঙ্গার জীবননগরে একসঙ্গে তিন সন্তান জন্ম

চুয়াডাঙ্গার জীবননগরে আছমাউল হুসনা (২৮) নামের এক নারী একসঙ্গে তিনটি সন্তানের জন্ম দিয়ে চাঞ্চল্য সৃষ্টি করেছেন। সোমবার সকালে জীবননগর শহরের একটি ক্লিনিকে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে বাচ্চা তিনটি জন্ম হয়।

তিনি জীবননগর সুটিয়া গ্রামের আবুল কাশেমের মেয়ে এবং ঝিনাইদহ সদর উপজেলার ডেফলবাড়ি গ্রামের নজরুল ইসলামের স্ত্রী।

পারিবারিক সুত্রে জানা যায়, জীবননগর উপজেলার সুটিয়া গ্রামের আবুল কাশেমের গর্ভবতি মেয়ে আছমাউল হুসনা অসুস্থ হলে গতকাল সোমবার ভোরে জীবননগর শহরের মনোয়ারা সনো সেন্টারে ভর্তি করা হয়। দায়িত্বরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষার পর অস্ত্রোপচারের মাধ্যমে সন্তান প্রসবের সিদ্ধান্ত নেন।

অস্তোপচারের পর একে একে তিনটি সন্তানের জন্ম হয়। তিন সন্তানের দুইটি ছেলে ও একটি মেয়ে। নবজাতক দুটি ছেলের মধ্যে একটি ছেলে ইতিমধ্যে মারা গেছে।

রিপোর্ট লেখা পর্যন্ত বাচ্চার মা সুস্থ রয়েছেন। খবরটি এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

মেহেরপুরে নতুন করে করোনা সনাক্ত হয়নি

মেহেরপুরে আজ সোমবার কোন করোনা রোগী সনাক্ত হয়নি। কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ১৫টি প্রাপ্ত রিপোর্টের সবগুলোই নেগেটিভ বলে নিশ্চিত করেছেন সিভিল সার্জন।

সিভিল সার্জন নাসিরউদ্দিন জানান, করোনা সন্দেহে নমুনা পাঠানো হয়েছিল ৫২ টি। এর মধ্যে সদরে ২৬ গাংনীতে ২১ মুজিবনগরে ৫। ফলাফল এসেছে ১৫ টি, সবকটিই নেগেটিভ। মেহেরপুরে এ পর্যন্ত সর্বমোট ১৪১২ জনের নমুনা পাঠানো হয়েছে।

সর্বশেষ ফলাফল এসেছে ১২৪০ টি। প্রাপ্ত রিপোর্টে নেগেটিভ ১২১০ টি, পজেটিভ ৩০ টি। মৃত্যু ২জনের এবং সুস্হ ৭জন। বাঁকি ২১ জন বর্তমানে আইসোলেশনে আছে।

আপডেট: গাংনী খাদ্য গুদামের ১২৬৬ বস্তা চাল চুয়াডাঙ্গায় জব্দ, পৃথক কমিটি গঠন

চুয়াডাঙ্গার দুটি গোডাউন থেকে সরকারি ১২৬৬ বস্তা চাল জব্দ করা হয়েছে। সোমবার সকালে পৌর এলাকার সাতগাড়ীর গোডাউন দুটিকে তাৎক্ষনিকভাবে সিলগালা করেছে জেলা প্রশাসন। এ ঘটনায় চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসন পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করেছে। কমিটিতে

৩ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

জানা গেছে, চুয়াডাঙ্গা শহরের চাল ও গম ব্যবসায়ী নজরুল ইসলামের সাতগাড়ীতে ২টি গোডাউন রয়েছে। রবিবার রাতে তার গোডাউনে সরকারি চাল ট্রাকযোগে আনলোড করা হয়। এর মধ্যে একটি গোডাউনে ৬০০ ও অপরটিতে ৬৬৬ বস্তা রাখা হয়। খাদ্য অধিদপ্তরের প্রতিটি ৩০ কেজি ওজনের চালের বস্তার গায়ে লেখা রয়েছে শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুধা হবে নিরুদ্দেশ। আজ সোমবার সকালে বিষয়টি জানাজানি হলে জেলা প্রশাসন ও খাদ্য অধিদপ্তরের একটি টিম অভিযান চালায়।

গোডাউন মালিক নজরুল ইসলাম বলেন, চালের মালিক আলমডাঙ্গার গৌতম ও অশোক। তারা মেহেরপুরের গাংনী খাদ্য গোডাউন থেকে চালগুলো নিয়ে এখানে রেখেছে। নজরুলের কথায় অসংগতি লক্ষ্য করায় সদর উপজেলা নির্বাহী অফিসার মো: সাদিকুর রহমান গোডাউন দুটি সিলগালা করে দেন।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জানিয়েছেন,চাল জব্দের ঘটনায় অতিরিক্ত জেলা প্রশাসক মুনিরা পারভিনকে প্রধান করে ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য দুজন সদস্য হলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো: সাদিকুর রহমান ও জেলা খাদ্য কর্মকর্তা রেজাউল করিম।

গাংনী উপজেলা খাদ্য গুদাম কর্মকর্তা মতিয়ার রহমান জানান,মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের অনুকুলে বরাদ্দ হওয়া প্রায় ১৬০ টন কাবিখার চালের মধ্যে প্রথম কিস্তিতে কাথুলী ইউপি সদস্য ভাবিবরন নেছার নামে ৩ টন,মটমুড়া ইউপি সদস্য লাভলী খাতুনের ৩.৫৫ টন,মটমুড়া ইউপি সদস্য সাজাহান আলীর ৬ টন,ধানখোলা ইউপি সদস্য বসির উদ্দীনের ৬টন,বামুন্দী ইউপি সদস্য জিয়ারুলের ৯টন,বামুন্দী ইউপি সদস্য নাজমিন ৬ টন ও বামুন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলামের নামে ৩টন সহ মোট ৩৭ টন ১২৬৬ বস্তা চাল ছাড় করা হয়। প্রকল্প সভাপতিরা নিজে চাল বুঝে নিয়ে ট্রাক যোগে খাদ্য গুদাম ত্যাগ করেছে। পরে কি হয়েছে জানিনা। তিনি আরো জানান,গত ৩১ মে কাবিখার চাল উত্তোলনের শেষ সময় হলেও পরে তার মেয়াদ বাড়িয়ে ১০ জুন করা হয়।

কাথুলী ইউপি সদস্য ভাবিবরন নেছা জানান, তার নামে ৩ টন চাল বরাদ্দ দেয়া হয়েছে। তিনি শুধু মাত্র স্বাক্ষর করেছেন এর বাইরে তিনি কিছু জানেন না।

মটমুড়া ইউপি সদস্য সাজাহান আলী জানান, এমপি সাহেব ৫শত ফিটের একটি রাস্তার পিআইসি করেছিলো। সেই রাস্তার কারনে ৬টন চালের ডিওতে সই করে দিয়েছি বাকীটা এমপি সাহেব জানে।

ধানখোলা ইউপি সদস্য বসির উদ্দীন জানান,তিনি ১২টন চাল তুলেছেন। বরাদ্দ ৬ টন ১২টন কিভাবে তুললেন জানতে চাইলে তিনি পুনরায় বলেন ১২ টন না ৬ টন হবে। চাল উত্তোলন করে কি করেছেন জানতে চাইলে তিনি বলেন স্থানীয় গম ব্যবসায়ী ময়হাকের কাছে বিক্রি করেছি এখনও টাকা দেয়নি।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনী জানান, চাল জব্দের ঘটনায় মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন,অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক,জেলা খাদ্য কর্মকর্তা ও জেলা ত্রান কর্মকর্তা। কমিটিকে আগামি বৃহস্পতিবারের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহান হোসেন বলেন,ঘটনাটি সত্য হয়ে থাকলে অত্যান্ত দু:খ জনক। তদন্ত কমিটি গঠন করা হয়েছে। প্রমানিত হলে যেই জড়িত থাকনা কেন তাকে আইনের আওতায় আনা হবে।

মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন,উন্নত মুলক কাজের জন্য বরাদ্দ দেয়া হয়েছে। তবে কে কে চাল উত্তোলন করেছে জানিনা।

চুয়াডাঙ্গায় ১২৬৬ বস্তা সরকারি চাল জব্দ

চুয়াডাঙ্গা পৌর এলাকার সাতগাড়ি গ্রামে এক ব্যবসায়ী গুদাম থেকে এক হাজার ২৬৬ বস্তা সরকারি চাল জব্দ করা হয়েছে। এ ঘটনায় তাৎক্ষণিকভাবে গুদাম দুটি সিলগালা করে দেয়া হয়। গোপন সূত্রে খবর পেয়ে সোমবার সকালে ঘটনাস্থলে অভিযান চালায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা খাদ্য অধিদপ্তরের যৌথ টিম। ঘটনা তদন্তে অতিরিক্ত

জেলা প্রশাসক মুনিরা পারভিনকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

জেলা খাদ্য কর্মকর্তা রেজাউল ইসলাম বলেন, রবিবার রাতে চুয়াডাঙ্গা শহরের চাল-গম ব্যবসায়ী নজরুল ইসলামের সাতগাড়ি গ্রামের গুদামে সরকারি চাল মজুদ করা হয়। গোপন সূত্রে খবর পেয়ে সোমবার সকালে সেখানে অভিযান চালানো হয়। এসময় একটি গুদামে ৬০০ বস্তা এবং অন্য গুদামে ৬৬৬ বস্তা সরকারি চাল পাওয়া যায়। গুদাম মালিকের কথায় অসঙ্গতি থাকায় গুদামদুটি তাৎক্ষণিক জব্দ করা হয়।

গুদাম মালিক নজরুল ইসলাম বলেন, আলমডাঙ্গার গৌতম ও অশোক নামের দু’ব্যক্তি এ চালের মালিক। তারা মেহেরপুরের গাংনী খাদ্য গুদাম থেকে চালগুলো নিয়ে এখানে রেখেছে।

চুয়াডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ সাদিকুর রহমান বলেন, গুদাম মালিক নজরুলের কথামতো আলমডাঙ্গার ব্যবসায়ী অশোকের সাথে কথা বলেছি। উভয়ের কথায় অসঙ্গতি থাকায় গুদাম দুটি সিলগালা করে দেয়া হয়। তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর ব্যবস্থা গ্রহণ করা হবে।